

**দরপত্র বিজ্ঞপ্তি**

**বিষয় : আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র/প্রস্তাব আহবান।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়ের গত ০৩-১১-২০২৫ খ্রি. তারিখের ০৫.৮১.০০০০.০০৭.০৭.০৫০.১৫ (অংশ-৩)- ৩৩৭ সংখ্যক পত্রের আলোকে এ কার্যালয়ের জন্য নিম্নলিখিত পদে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের লক্ষ্যে প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান করা হয়। সে মোতাবেক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র/প্রস্তাব আহবান করা যাচ্ছে।

ক্রমিক	সেবার নাম	সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	গাড়ি চালক	০১ (এক) টি	১৮-৬০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ
০২	নিরাপত্তা প্রহরী	০১ (এক) টি	১৮-৬০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ
০৩	পরিচ্ছন্নতাকর্মী	০১ (এক) টি	১৮-৬০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ

**শর্তাবলি :**

০১. আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

সেবার নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন গ্রেড ভিত্তিক	সার্ভিস চার্জ	মোট (৫+৬)	ভ্যাট + ট্যাক্স	প্রতি জনের ১ মাসের মোট (৭+৮)	সর্বমোট ৩ জনের মাসিক মোট সেবামূল্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

০২. দরপত্র/প্রস্তাব কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা-২০০৮ এর শর্তাবলি অনুযায়ী পরিচালিত হবে;
০৩. অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুসরণ করা হবে;
০৪. অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক গত ১৫-০৪-২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১-১৭৮ সংখ্যক স্মারকে জারীকৃত পরিপত্র মোতাবেক সেবামূল্য নির্ধারিত হবে;
০৫. নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোনো ব্যক্তির সাথে চুক্তি হবে না বা নিয়োগপত্র ইস্যু করা হবে না;
০৬. আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে;
০৭. দরদাতা প্রতিষ্ঠানের হালসনের ট্রেড লাইসেন্স, জয়েন্ট স্টক কোম্পানির ইন কর্পোরেশন সার্টিফিকেশন, ভ্যাট সনদ, হালসনের আয়কর পরিশোধ সনদ ও শনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি অফিসে জনবল সরবরাহের ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
০৮. নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে;
০৯. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে;
১০. নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে;
১১. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে;
১২. নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে;
১৩. উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে;
১৪. আগ্রহী প্রতিষ্ঠানের নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ০৫-০১-২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে সত্যাযিত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বক্সে দরপত্র/প্রস্তাব দাখিল করতে হবে। একই তারিখে বেলা ১.০০ টার সময় দরপত্র/প্রস্তাব দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে;
১৫. যে কোন দরপত্র বা সকল প্রকার দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।



মোঃ শাহীনুর রহমান  
পরিচালক (উপসচিব)

ফোন নম্বর: ০২৪৭৭০১৯৬৬

ই-মেইল: [directorkhu@bkkb.gov.bd](mailto:directorkhu@bkkb.gov.bd)